রূপালী ব্যাংক লিমিটেড
পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রকা/পগ/অফিস আদেশ/২০২৩/০৯ তারিখ : ১১-০৬-২০২৩

**পরিবীক্ষণ কমিটি'র সভার বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি'র ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা আগামী ১৪-০৬-২০২৩ তারিখ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় জনাব মোঃ ফয়েজ আলম, মহাব্যবস্থাপক এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপ-

১) এ ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা;
২) হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শন;
৩) অত্র ব্যাংকের প্রতিটি শাখা/উপশাখায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সম্বলিত অভিন্ন ব্যানার প্রদর্শন;
৪) অত্র ব্যাংকের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন;

সভায় কমিটির সদস্যগণকে উল্লিখিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

(আফরোজা সুলতানা)
উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব
পরিবীক্ষণ কমিটি

**বিতরণ**

১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
২। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, আইসিটি সিস্টেমস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
৩। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, অর্থ প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
৪। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, সাধারণ ব্যাংকিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

রূপালী ব্যাংক লিমিটেড
পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

রূপালী ব্যাংক লিমিটেড এর 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র' ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ফয়েজ আলম, মহাব্যবস্থাপক ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| সভার স্থান | : | সভাপতি মহোদয়ের কক্ষ (৩য় তলা), রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| তারিখ ও সময় | : | ১৪-০৬-২০২৩ তারিখ, বুধবার, সকাল ১১.০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

১। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ ব্যাংকের সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ, ব্যাংকের ওয়েব সাইটে প্রদর্শন, প্রতিটি শাখা/উপশাখায় সেবা প্রদান প্রতিশ্রুতি সম্বলিত অভিন্ন ব্যানার প্রদর্শন এবং এতৎসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় প্রমাণক যথাসময়ে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোকপাত করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা। | ১. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)'তে পদোন্নতি/বদলিজনিত কারণে পরিবর্তিত দায়িত্বপ্রাপ্ত সেবা প্রদানকারী কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করা;<br>২. সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা হিসেবে A-Challan এবং Utility Bill অন্তর্ভুক্তকরণ | পরিকল্পনা ও গবেষণা বিভাগ |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শন। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে | আইসিটি সিস্টেমস/ পরিকল্পনা ও গবেষণা বিভাগ |
| ৩. | প্রতিটি শাখা/উপশাখায় সেবা প্রদান প্রতিশ্রুতি সম্বলিত অভিন্ন ব্যানার প্রদর্শন | অত্র ব্যাংকের মার্কেটিং বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সম্বলিত অভিন্ন ব্যানারের ডিজাইন প্রস্তুত করে ইস্তেহার জারীর মাধ্যমে প্রতিটি শাখা/উপশাখায় নির্দেশনা প্রদান করতে হবে | পরিকল্পনা ও গবেষণা বিভাগ |
| ৪. | ব্যাংকের আওতাধীন দপ্তর/সংস্থা/ কার্যালয়ের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থা/কার্যালয়ের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে | পরিকল্পনা ও গবেষণা বিভাগ |

৩। অতঃপর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ ফয়েজ আলম)
মহাব্যবস্থাপক ও সভাপতি
পরিবীক্ষণ কমিটি

# রূপালী ব্যাংক লিমিটেড

পরিকল্পনা ও গবেষণা বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ : ১৪-০৬-২০২৩

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ৪র্থ সভার উপস্থিতি শীট

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ফয়েজ আলম<br>মহাব্যবস্থাপক ও সভাপতি | |
| ২. | জনাব শেখ মনজুর করিম<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য | For |
| ৩. | জনাব মোঃ মাসুদুল হাসান<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য | |
| ৪. | জনাব এন, এম, আলী ইমাম<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য | |
| ৫. | জনাব আফরোজা সুলতানা<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব | |